



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
www.hajj.gov.bd

হজ ২০২৫ মৌসুমে হজের প্রাক-নিবন্ধন, প্রাথমিক নিবন্ধন এবং হজযাত্রীদের করণীয় বিষয়াবলী

সরকারিভাবে হজের প্রাক-নিবন্ধন পদ্ধতি

প্রাক-নিবন্ধন ভাউচার নিষ্কাত মাধ্যম/স্থান হতে প্রস্তুত করা যাবে

- হজ পোর্টাল www.hajj.gov.bd এর মাধ্যমে
- e-Hajj BD মোবাইল অ্যাপের মাধ্যমে
- কল সেন্টারে (১৬১৩৬) তথ্য প্রদানের মাধ্যমে
- ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম, সকল বিভাগীয় ও জেলা কার্যালয়ে
- হজ অফিস, আশকোনা, ঢাকা
- সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার
- গাইড হতে ইচ্ছুক ব্যক্তির নিকট/নিকটস্থ যে কোন কম্পিউটার সেবাদানকারী সেন্টার/দোকানে

পেমেন্ট সম্পন্নকরণ ও প্রাক-নিবন্ধন সনদ গ্রহণ

- সোনালী ব্যাংকসহ হজ কার্যক্রমে অনুমোদিত ব্যাংকের যে কোন শাখায় ভাউচারের মাধ্যমে হজযাত্রী প্রতি ৩০,০০০/- টাকা জমা করে প্রাক-নিবন্ধন সনদ গ্রহণ করুন।
- অনলাইন পেমেন্টের ফেস্টে হজ পোর্টাল ও e-Hajj BD মোবাইল অ্যাপে বিকাশ/সোনালী পে (সোনালী ব্যাংক একাউন্ট/ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/মোবাইল ব্যাংকিং/ইন্টারনেট ব্যাংকিং) এর মাধ্যমে নির্ধারিত ফি জমা করে প্রাক-নিবন্ধন সনদ ডাউনলোড করুন। এক্ষেত্রে চার্জ প্রযোজ্য হবে।
- প্রাক-নিবন্ধিত বা নতুন প্রাক-নিবন্ধন ভাউচারের মাধ্যমে হজযাত্রী প্রতি ৩ লক্ষ টাকা জমা দিয়ে হজ ২০২৫ এর প্রাথমিক নিবন্ধন করা যাবে।
- প্রাক-নিবন্ধন পদ্ধতি দেখতে ভিজিট করুন www.hajj.gov.bd/video

হজযাত্রীদের প্রাপ্য সুযোগ-সুবিধাসমূহ

- মক্কা ও মদিনায় শীতাতপ নিয়ন্ত্রিত হোটেল/বাড়ি;
- প্রতি রুমে সর্বোচ্চ ৬ জনের আবাসন ব্যবস্থা;
- হজ ভিসা এবং সৌন্দি আরবে যাওয়া-আসার ইকোনোমিক ক্লাসের বিমান টিকেট সরবরাহ;
- মিনা-আরাফা-মুজদালিফা-মিনা যাতায়াতের জন্য ট্রেনের ব্যবস্থা;
- মিনা ও আরাফায় শীতাতপ নিয়ন্ত্রিত তাঁবুতে ম্যাট্রেস, চাদর, কম্বল ও বালিশ এর ব্যবস্থা;
- মক্কা, মদিনা ও জেদায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিনামূল্যে উষ্ণ ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান;
- হজে গমনের পূর্বে হজ ক্যাম্প ঢাকার ডরমিটরিতে বিনামূল্যে থাকার ব্যবস্থা;
- হজযাত্রী ও হজ গাইডদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- হজ ও ওমরাহ সহায়িকা, আইডি কার্ড, লাগেজ ট্যাগ সরবরাহ;
- দেশে ফেরার পর বিমানবন্দর থেকে হজযাত্রীকে ৫ লিটারের ১ বোতল জমজম পানি সরবরাহ;
- কম-বেশী ৪৬ জন হজযাত্রীর জন্য ১ জন গাইডের সেবা প্রদান।

হজযাত্রীদের করণীয় বিষয়াবলী

- হজে গমনের লক্ষ্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে;
- হজযাত্রীদের জন্য আয়োজিত প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে;
- হজের আরকান-আহকাম ভালভাবে জানতে হবে;
- বিমান ভ্রমণের পূর্বে করণীয় ও বজনীয় সম্পর্কে জানতে হবে;
- কমপক্ষে ৫০ দিনের নিয়মিত সেবনযোগ্য গুষ্ঠি (ব্যবস্থাপত্রসহ) সঙ্গে নিতে হবে;
- নিকট আজীয়ের যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর সঙ্গে রাখতে হবে;
- হজে গমনের নির্ধারিত তারিখে ঢাকার হজযাত্রীগণ কমপক্ষে ৬ ঘণ্টা পূর্বে এবং ঢাকার বাহিরে হজযাত্রীগণ ২ দিন পূর্বে হজ ক্যাম্পে উপস্থিত হবেন;
- ব্যক্তিগত মূল্যবান সামগ্রী নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে;
- মক্কা ও মদিনায় হোটেলে অবস্থানকালে রাজকীয় সৌন্দি সরকারের নিয়ম-কানুন মেনে চলতে হবে;
- পাহাড়-পর্বতে আরোহন ও একা চলাচল হতে বিরত থাকতে হবে;
- রাস্তা পারাপারের সময় সর্বোচ্চ সর্তর্কতা অবলম্বন করতে হবে;
- মিনা-আরাফা-মুজদালিফায় সকল আনুষ্ঠানিকতায় ধৈর্য ধারণ করতে হবে;
- সর্বাবস্থায় সৌন্দি সরকারের হজ সংক্রান্ত আইন/নির্দেশনাসমূহ মেনে চলতে হবে।
- আইডি কার্ড, হোটেলের প্রাণ্ড সকল ভিজিটিং কার্ড সর্বদা সাথে রাখতে হবে এবং হারিয়ে গেলে ভীত না হয়ে হজ মিশনে যাওয়ার চেষ্টা করতে হবে;
- লাগেজ হারিয়ে গেলে বাংলাদেশ হজ অফিস, মক্কা/মদিনায় যোগাযোগ করতে হবে;

যে সকল তথ্য জানা জরুরি


- মক্কা ও মদিনায় নিজ ব্যবস্থাপনায় খাবার গ্রহণ করতে হবে;
- নিবন্ধনের পর হজে যেতে অসমর্থ হলে অবহিতকরণের তারিখের পূর্ব পর্যন্ত ব্যয়িত অর্থ কর্তন করা হবে;
- সৌন্দি আরবে ছাইল চেয়ার প্রয়োজন হলে নিজ উদ্যোগে সংগ্রহ ও ব্যবহার করতে হবে;
- বিমান টিকিট পরিবর্তনের প্রয়োজন হলে নিজ দায়িত্বে করতে হবে;
- বিমান টিকিট পরিবর্তন করা হলে হজযাত্রী মোয়াল্লেমের সেবার বাহিরে চলে যাবেন;
- '১৬১৩৬' এ নম্বরে কল করে হজ সংক্রান্ত যেকোন তথ্য জানা যাবে;
- 'e-Hajj BD' Mobile app হতে হজের প্রাক-নিবন্ধন/নিবন্ধন ভাউচার তৈরিসহ সকল তথ্য সেবা পাওয়া যাবে।

বেসরকারি এজেন্সির ক্ষেত্রে হজযাত্রীর করণীয়

- হজের সকল ধরনের আর্থিক লেনদেন হজ এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবের মাধ্যমে করতে হবে;
- হজযাত্রী এজেন্সি হতে কি ধরনের সেবা পাবেন সে বিষয়ে এজেন্সির সাথে লিখিত চুক্তি সম্পাদন করবেন;
- হজের যে কোন প্রয়োজনে হজযাত্রী সরাসরি এজেন্সির স্বত্ত্বাধিকারীর সাথে আলোচনা করবেন।

বিশেষ দ্রষ্টব্য:

- বাংলাদেশের যেকোন নাগরিক সরকারিভাবে হজের নিবন্ধন করে হজে যেতে পারবেন।
- সরকারিভাবে হজের নিবন্ধন করুন এবং বামেলাবিহীন ও নিশ্চিতভাবে হজে গমন করুন।



বিজি প্রেস: ৩৩০৬-৩-২০২৪-২৫-১,০০,০০০ কপি, ২০২৪।
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর। জনপ্রশাসন মন্ত্রণালয়।